মেহেরপুরে আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা

এসো দেশ বদলায়, পৃথিবী বদলায় এই প্রতিপাদ্যকে সামনে রেখে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ তরিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এসময় মূল প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল্লাহ আল আমিন, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার জামিল খান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম, টিটিসির প্রিন্সিপাল আরিফ হোসেন তালুকদার, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, জাতীয় নাগরিক কমিটির সদস্য খন্দকার মুইজ প্রমুখ।

মেহেরপুরে সাইবার সিকিউরিটি বিষয়ক কর্মশালা

“এসো দেশ বদলাই পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যে মেহেরপুরে তারুণ্য উৎসব উদযাপন উপলক্ষ্যে সাইবার সিকিউরিটি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি) দুপুরে সদর উপজেলা পরিষদ হলরুমে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসন আয়োজিত কর্মশালায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিভিল সার্জন ডা. মহী উদ্দিন আহমেদ ও অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান।

জেলা প্রশাসনের সহকারি কমিশনার তানজিলা শারমিন দৃষ্টির সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সদর উপজেলা নিবার্হী অফিসার খাইরুল ইসলাম, ইসলামীক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের যুগ্ম আহ্বায়ক মুজাহিদুল ইসলাম প্রমুখ।

কর্মশালায় বিভিন্ন দফতরের কর্মকর্তা, পুলিশ, শিক্ষার্থী, বিকাশ এজেন্টের প্রতিনিধি, সাংবাদিক উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সিআরভিএস বাস্তবায়ন সংক্রান্ত কর্মশালা

মেহেরপুরে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে সিভিল রেজিস্ট্রেশন অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিকস (সিআরভিএস) বাস্তবায়ন সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৬ ফেব্রুয়ারি) মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহেনাজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদ বিভাগ সমন্বয় ও সংস্কার সচিব মোঃ মাহমুদুল খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদ বিভাগ সমন্বয় অনুবিভাগের অতিরিক্ত সচিব মোহাম্মদ খালেদ হাসান।

এছাড়াও কর্মশালায় উপস্থিত ছিলেন স্থানীয় সরকার উপপরিচালকের ভারপ্রাপ্ত কর্মকর্তা তরিকুল ইসলাম, সিভিল সার্জন ডাঃ মহী উদ্দীন

আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম শাকাপি ইবনে সাজ্জাদ, সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহ, সরকারি কমিশনার আবির হোসেন, সহকারী কমিশনার তানজিনা শারমিন দৃষ্টি, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা আঞ্জুমান আরা, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রুহুল আমীন, ইউনিয়ন পরিষদের সচিবগণসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তারা।

কর্মশালায় বক্তারা জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম আরও গতিশীল করতে সিআরভিএস বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং এ সংক্রান্ত চ্যালেঞ্জ ও সম্ভাবনার ওপর গুরুত্বারোপ করেন।

হরিণাকুণ্ডুতে তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ শীর্ষক কর্মশালা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলাতে তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (০২ ফেব্রুয়ারী) দুপুরে হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার বি এম তারিক-উজ-জামান এর সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, হরিণাকুণ্ডু উপজেলার সাবেক চেয়ারম্যান মোতাহার হুসাইন।

কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, হরিণাকুণ্ডু সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ মুক্তার হোসেন। এছাড়াও, উপজেলা প্রকৌশলী মোঃ রাকিব হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারীসহ উপজেলার বিভিন্ন স্কুল কলেজের শিক্ষক ও ছাত্র ছত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্মশালায় তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ হবে তারুণ্য নির্ভর বৈষম্যহীন বিজ্ঞান ভিত্তিক এক সমাজ ব্যবস্থা। বক্তারা বলেন

এখনকার তরুনরায় বাংলাদেশকে উন্নত দেশ হিসেবে বিশ্বের দরবারে পৌছে দেবে।

ঝিনাইদহে খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার সমাপনী

ঝিনাইদহে ৫ দিন ব্যাপী খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা শেষ হয়েছে। বৃহস্পতিবার বিকেলে ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ার কলেজে এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)’র আয়োজনে ৫ দিন ব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেয় ঝিনাইদহের বিভিন্ন সরকারি দপ্তরের ৩০ জন কর্মকর্তা।

সমাপনী দিনে কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করেন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ডা: তানভীর হাসান। সমাপনী দিনের অনুষ্ঠানে বারটান’র উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা সোনিয়ার শারমিন, সরকারী বৈজ্ঞানিক কর্মকর্তা বেলাল হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

গত ২৬ জানুয়ারি বারটানের নির্বাহী পরিচালক রেহেনা আকতার এ প্রশিক্ষণের উদ্বোধন করেন। ৫ দিন ব্যাপী এই প্রশিক্ষণে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, ড. আব্দুস সামাদ, ড. শফিকুল ইসলাম, ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ষষ্টী চন্দ্র রায়সহ প্রশিক্ষকরা খাদ্য, ফলিত পুষ্টি, নিরাপদ খাদ্য, মা ও শিশুদের যত্নসহ নানা বিষয়ে প্রশিক্ষণ প্রদাণ করেন।

আয়োজকরা জানায়, আগামী দিনে সরকারি বিভিন্ন অনুষ্ঠানে পুষ্টি সচেতনতা বিষয়ক এই বার্তা সাধারণ মানুষের মাঝে পৌঁছে দেওয়ায় এ প্রশিক্ষণের উদ্দেশ্যে।

চুয়াডাঙ্গা-মেহেরপুর বিএনপির ৩১ দফা বাস্তবায়নে দিনব্যাপী কর্মশালা

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা বিএনপির নেতাকর্মীদের নিয়ে দিনব্যাপী জনসম্পৃক্তি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) সকাল ১০টায় চুয়াডাঙ্গা শহরের শাহেদ গার্ডেনে বিএনপির কেন্দ্রীয় প্রশিক্ষণ বিষয়ক কমিটির উদ্যোগে এই কর্মশালা আয়োজন করা হয়।

কর্মশালার মূল বিষয় ছিল “আগামী রাষ্ট্রকাঠামো মেরামতের ৩১ দফা কর্মসূচি” নিয়ে আলোচনা ও প্রশিক্ষণ।

কর্মশালার সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু। প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যোগ দেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

প্রধান অতিথি তারেক রহমান কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে ৩১ দফা কর্মসূচি বাস্তবায়নে দলের নেতাকর্মীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন।

কর্মশালাটি পরিচালনা করেন বিএনপির সহ-গণশিক্ষা বিষয়ক সম্পাদক আনিসুর রহমান তালুকদার খোকন। এতে আরও বক্তব্য রাখেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের উপদেষ্টা ড. মাহদী আমিন, কেন্দ্রীয় ত্রাণ ও পুনর্বাসন সম্পাদক অ্যাড. নেওয়া হালিমা আরলী, স্থানীয় সরকার বিষয়ক সম্পাদক শাম্মী আক্তার, কেন্দ্রীয় ছাত্রদলের সাবেক সভাপতি কাজী রওনকুল ইসলাম শ্রাবণ, মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাবেদ মাসুদ মিল্টন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফ, মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব এড. কামরুল হাসান।

এছাড়া উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ

মোহাম্মদ, জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, গাংনী উপজেলা বিএনপির সাবেক সভাপতি রেজাউল হক, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সভাপতি আমিরুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌর বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি ইনসারুল হক ইনসু, সাবেক সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, মেহেরপুর জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, সাধারণ সম্পাদক কাওছার আলী, ছাত্রদলের মেহেরপুর জেলা শাখার সভাপতি আকিব জাভেদ সেনজি, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লবসহ চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা বিএনপি এবং অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

বক্তারা আশা প্রকাশ করেন যে, এ ধরনের কর্মশালা দলের জনগণের সঙ্গে সম্পর্ক আরও গভীর করবে এবং ৩১ দফা কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

মেহেরপুরে তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালা

“এসো দেশ বদলাই পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে মেহেরপুরে তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২০জানুয়ারি) সকাল ১০ টার দিকে জেলা প্রশাসকের ছাদ মঞ্চের এ কর্মশালা অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) তরিকুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি ছিলেন সিভিলে সার্জন ডা. মহীউদ্দীন আহমেদ।

জেলা প্রশাসন আয়োজিত কর্মশালায় জেলা প্রশাসনের সহকারি কমিশনার তানজিনা শারমিন দৃষ্টির সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নুর , অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়া আকরাম সাকাপি, মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, পুলিশ সুপারের প্রতিনিধি পুলিশ পরিদর্শক বজলুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সংগঠক খন্দকার মুইজ উদ্দিন, সংগঠক আশিক রাব্বি প্রমূখ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. গাজি রহমান।

এ সময় আরো উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা উপপরিচালক আশাদুল ইসলাম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ইসলামী ফাউন্ডেশনে উপ পরিচালক এ জেএম সিরাজুম মূনির।

ছাত্র, তরুন, শিক্ষক, সাংবাদিক, ছাত্রনেতা, এনজিও প্রতিনিধি ও জনপ্রতিনিধির অংশগ্রহণে ৮ টি গ্রুপ অংশ নেয়। তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ কেমন হবে সে বিষয় প্রতিটি গ্রুপ তাদের আলাদা আলাদা মতামত তুলে ধরেন।

তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

এসো দেশ বদলাই পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে মেহেরপুরে তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে

গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার হল রুমে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম সভাপতিত্বে কর্মশালা উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নূর। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমানের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন সহকারী কমিশনার (ভূমি) গাজী মূয়ীদুর রহমান,

বীর মুক্তিযোদ্ধা অব: ক্যাপ্টেইন আব্দুল মালেক, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সংগঠক আশিক রাব্বি, উপজেলা প্রকৌশলী সাব্বির উল ইসলাম, ছাত্রনেতা হাসনাত জামান। মুল প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক ফুয়াদ খান।

কর্মশালায় ছাত্র, তরুন, শিক্ষক, সাংবাদিক, ছাত্রনেতা, এনজিও প্রতিনিধি ও জনপ্রতিনিধির অংশগ্রহণে ১২ টি গ্রুপ অংশ নেয়। তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ কেমন হবে সে বিষয় প্রতিটি গ্রুপ তাদের আলাদা আলাদা মতামত তুলে ধরেন।

মেহেরপুরে হার পাওয়ার প্রকল্পের স্থানীয় পর্যায় কর্মশালা

মেহেরপুরে হার পাওয়ার প্রকল্পের স্থানীয় পর্যায় কর্মশালার উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসনের উদ্যোগে বুধবার (১৫ই জনুয়ারি) সকালে দশটার দিকে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে ৬ মাস মেয়াদী কর্মশালার উদ্বোধন করা হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান, সদর উপজেলায় আইসিটি কর্মকর্তা সুব্রত কুমার বিশ্বাস, হার পাওয়ার প্রকল্পের সহকারী প্রোগ্রামার এনাম আহমেদ, প্রশিক্ষনার্থী জান্নাতুল ফেরদৌস, কানিজ ফাতেমা, ফেরদৌস সুবর্ণা নাসরিন প্রমূখ।

মুজিবনগরে তারুন্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালা

মুজিবনগরে তারুণ্যের উৎসব ও নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের ভাবনাই নতুন বাংলাদেশ শীর্ষক বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে “এসো দেশ বদলায়, পৃথিবী বদলায়” এই স্লোগানে মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে এ কর্মশালা টি আয়োজন করা হয়।

এই গ্রুপ এই কর্মশালায় অংশগ্রহণকারী বৈষম্য বিরোধী ছাত্র প্রতিনিধি, ছাত্র, শিক্ষক, ইমাম, সাংবাদিক, কর্মকর্তা-কর্মচারী ও ধর্মীয় নেতৃবর্গদের সমন্বয়ে সকল শ্রেণী পেশার মানুষ লেখনীর মাধ্যমে নতুন বাংলাদেশ গঠনে বিভিন্ন দিক তুলে ধরেন, প্রথমত নতুন বাংলাদেশ গড়তে হলে আমাদের ঐক্যবদ্ধভাবে চলতে হবে। তরুণদের মেধা উন্নত করার মাধ্যমে দেশকে আরো উন্নত করতে হবে।

বাংলাদেশে আরো একটি সবচেয়ে বড়ো সমস্যা হলো মোবাইল আসক্তি এর থেকে তরুণ ও যুব সমাজকে মুক্ত রাখার জন্য গ্রাম ও শহর অঞ্চলে বিভিন্ন খেলার আয়োজন করতে হবে। দূর্নিতীমুক্ত বাংলাদেশ করতে হবে পরিষ্কার পরিচ্ছন্ন বাংলাদেশ গড়তে হবে বৈষম্যহীন বাংলাদেশ করতে হবে শিক্ষিত বাংলাদেশ গড়তে হবে নতুন বাংলাদেশে ঐক্যবদ্ধভাবে থাকতে হবে যেখানে কোন ধর্ম-বর্ণ, জাতী-গোষ্ঠীর মধ্যে বৈষম্য থাকবে না।মাদকমুক্ত ও শান্তিপূর্ণ বাংলাদেশ গড়তে নৈতিক মূল্যবোধের তাগিদ দিতে হবে।

মানসম্মত শিক্ষার ব্যবস্থা করতে হবে।মানুষ যেন তার মৌলিক চাহিদা থেকে বিচ্ছিন্ন না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। কৃষিখাত, শিক্ষাখাত, চিকিৎসা খাত, ক্রীড়াঙ্গন ও রাজনৈতিক ব্যবস্থাপনায় তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ বিনির্মাণে শীর্ষক ভূমিকা রাখতে পারে আগামীতে।

তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান,

মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মুখ্য সংগঠক শাওন শেখ, প্রমূখ।